দৈনিক সংবাদ

261

তারিখ DEC. 08 1999
পৃষ্ঠা: ৫ কলাম ৭

## মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদফতর সমীপে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিশ্রুতি দেন যে, প্রতিমাসে বেতন-ভাতা প্রদান এবং ৫ বৎসরের উর্ধ্বে যে সকল প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বয়স হয়েছে সে সকল বিদ্যালয় ৮০% বেতন-ভাতা পাবে। উক্ত প্রতিশ্রুতি অনুযায়ী বেতন-ভাতা প্রদান করা হলেও কুড়িগ্রাম জেলার ফুলবাড়ি উপজেলায় বিধিবহির্ভূত বেতন প্রদান করা হয়েছে। কিছুসংখ্যক রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জুলাই '৯৯ হইতে আগস্ট '৯৯ পর্যন্ত ২৬০০ টাকা প্রদান করা হয়েছে। এক অজ্ঞাত কারণে নিম্নের বিদ্যালয়সমূহ ২৬০০ টাকার পরিবর্তে শিক্ষক/শিক্ষিকার অনুদান ভাতা বিল ২২৭৫ টাকা করে প্রদান করা হয়েছে। এ বিদ্যালয়সমূহের নাম ও নিবন্ধনের তারিখ-

(১) পূর্বচন্দ্র খানা জকারহাট রেজিঃ নং-৭১৫/৮ তাং-৩১-৩-৯৪ ইং।

(২) মাদারের পাঠ রেজিঃ নং-৭১২/৮ তাং-৩১-৩-৯৪ ইং।

(৩) পশ্চিম কুটিচন্দ্র খানা রেজিঃ নং-৭১৩/৮ তাং-৩১-৩-৯৪ ইং।

(৪) মধ্যনাগদাহ আদর্শ রেজিঃ নং ৭১০/৮ তাং-৩১-৩-৯৪ ইং।

(৫) দক্ষিণ কুটিচন্দ্র খানা জেলেপাড়া রেজিঃ নং-৬৬৮/৮ তাং-২৯-৩-৯৪ ইং।

(৬) আরাজী নেওয়াসী রেজিঃ নং-৭১৪/৮ তাং-৩১-৩-৯৪ ইং।

উল্লিখিত বিদ্যালয়সমূহের শিক্ষক/শিক্ষিকা স্বল্প আয়ের, তারা অতিকষ্টে দিনাতিপাত করছে কিন্তু শিক্ষক/শিক্ষিকারা বেতন-ভাতা থেকে ৩২৫ টাকা করে বঞ্চিত।

এ ব্যাপারে মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদফতরের শুভ দৃষ্টি কামনা করছি।

খগেনচন্দ্র রায়
গংগারহাট
ফুলবাড়ি, কুড়িগ্রাম